



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৪১.০০২.২০২০- ৫০৪

তারিখ: ১৮/০৫/২০২৬ খ্রি.

বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে বিষয় ভিত্তিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা প্রকাশ।

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে বিষয় ভিত্তিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হলো। খসড়া তালিকায় যে সকল কর্মকর্তার নামের পাশে মন্তব্য কলামে "এসিআর নেই" মন্তব্য রয়েছে সে সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বা এসিআর জমাদানের প্রমাণক প্রদান এবং যাদের এসিআর ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ, সীল বা স্বাক্ষর নেই তাঁদেরকে এসিআর সংশোধনের জন্য আগামী ০৩/০৬/২০২৬ তারিখের মধ্যে সরাসরি উপপরিচালক (কলেজ-১) এর দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বিরূপ মন্তব্য, ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ এসিআর এর ক্ষেত্রে কোনোক্রমেই নতুন এসিআর গ্রহণ করা হবে না। এসিআর ছাড়া অন্য যে কোনো ভুল যেমন: বর্তমান কর্মস্থল (কোনো কলেজে সংযুক্ত থাকলে কলেজের নাম অবশ্যই উল্লেখ করতে হবে), নিয়োগ ও যোগদানের তারিখ, স্থায়ীকরণের তারিখ, জন্ম তারিখ, নিজ জেলা, জ্যেষ্ঠতা সংক্রান্ত কোনো আপত্তি অথবা খসড়া তালিকায় নাম না থাকলে অন্তর্ভুক্তির যোগ্যতার প্রমাণকসহ আবেদন ddgovtcollege@gmail.com ঠিকানায় আগামী ০৩/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, তালিকায় অন্তর্ভুক্ত কোনো কর্মকর্তার মৃত্যুবরণ এবং চাকুরী হতে অব্যাহতি সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অবহিত করবেন।

(প্রফেসর মোঃ নুরুল হক সিকদার)

উপপরিচালক (কলেজ-১)

ফোন : ০২-৪১০৫০৬২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সকল সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ।
- ৩। প্রতিষ্ঠান প্রধান/এনসিটিবি/সকল শিক্ষা বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিআই/বিএমটিআই/এনটিআরসিএ/কল্যাণ ট্রাস্ট/অবসর সুবিধা বোর্ড/আমাই/ব্যানবেইজ এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।